Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

১২ কার্তিক ১৪৩১

28 October 2024

## কালবেলা



'গাছ লাগাই, জীবন ও পরিবেশ বাঁচাই' স্লোগানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পূবালী ব্যাংকের উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান, পূবালী ব্যাংকের এমডি-সিইও মোহাম্মদ আলী, ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. হাসিনা শেখ প্রমুখ।

## সমকাল



### পূবালী ব্যাংকের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচি

সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পূবালী ব্যাংকের উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী। ঢাবির ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. হাসিনা শেখ এতে সভাপতিত্ব করেন।

## আজকের পত্রিকা



সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছে পূবালী ব্যাংক পিএলসি। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. নিয়াজ আহমদ খান। বিজ্ঞপ্তি

## ইনকিলাব



"গাছ লাগাই, জীবন ও পরিবেশ বাঁচাই" স্লোগানকে সামনে রেখে সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পূবালী ব্যাংক পিএলসি'র উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৪ এর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশেষ অতিথি ছিলেন পূবালী ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। —প্রেস বিজ্ঞপ্তি

## মানবকণ্ঠ



### পূবালী ব্যাংক পিএলসি'র উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচি

'গাছ লাগাই, জীবন ও পরিবেশ বাঁচাই' স্লোগানকে সামনে রেখে সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পূবালী ব্যাংক পিএলসি'র উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৪ এর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম সহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক ও শিক্ষার্থীরা এবং পূবালী ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন। —সংবাদ বিজ্ঞপ্তি

# ভোরের কাগজ



বৃক্ষরোপণ কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। এছাড়া বিশেষ অতিথি ছিলেন পূবালী ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। বিজ্ঞপ্তি

## পূবালী ব্যাংকের উদ্যোগে ঢাবিতে বৃক্ষরোপণ

'গাছ লাগাই, জীবন ও পরিবেশ বাঁচাই' স্লোগানকে সামনে রেখে সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পূবালী ব্যাংক পিএলসির উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশেষ অতিথি ছিলেন পূবালী ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী।

ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. হাসিনা শেখের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রোউপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলামসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক ও শিক্ষার্থীরা এবং পূবালী ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, পরিবেশ সংরক্ষণ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি এবং এ ব্যাপারে গবেষণা কার্যক্রম আরো জোরদার করার ওপর গুরুত্বারোপ করতে হবে। এ লক্ষ্যে গবেষণা তহবিল বৃদ্ধি করতে হবে।

পূবালী ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী বলেন, সমাজের উন্নয়নের পাশাপাশি নিজেদের বাঁচাতে পরিবেশ সংরক্ষণে আমাদের আরো সচেতন হতে হবে। এক্ষেত্রে বৃক্ষরোপণ কর্মসূচি ও স্বেচ্ছাসেবী কার্যক্রম আরো জোরদার করতে হবে এবং বিনিয়োগ বাড়াতে হবে। বিজ্ঞপ্তি

# দিনকাল



"গাছ লাগাই, জীবন ও পরিবেশ বাঁচাই" স্লোগানকে সামনে রেখে সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পূবালী ব্যাংক পিএলসি'র উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৪ এর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. হাসিনা শেখের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম সহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন শিক্ষক ও শিক্ষার্থীরা এবং পূবালী ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## যুগান্তর



### পূবালী ব্যাংকের উদ্যোগে ঢাবিতে বৃক্ষরোপণ কর্মসূচি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের তত্ত্বাবধানে পূবালী ব্যাংক পিএলসির উদ্যোগে বিশ্ববিদ্যাল এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৪ এর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়া আহমদ খান। বিশেষ অতিথি ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। ব্যাংকিং আ ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. হাসিনা শেখের সভাপতিত্বে অনুষ্ঠানে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড মামুন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগে অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে গাছের চারা রোপণ ক হয়। সংবাদ বিজ্ঞপ্তি।

## খোলা কাগজ

### পূবালী ব্যাংক পিএলসির উদ্যোগে ঢাবিতে বৃক্ষরোপণ কর্মসূচি



'গাছ লাগাই, জীবন ও পরিবেশ বাঁচাই' স্লোগানকে সামনে রেখে সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পূবালী ব্যাংক পিএলসির উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৪-এর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. হাসিনা শেখের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম সহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক ও শিক্ষার্থীরা এবং পূবালী ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

## কালের কণ্ঠ



**পূবালী ব্যাংক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং অ্যান্ড ইনস্যুরেন্স বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পূবালী ব্যাংকের উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশেষ অতিথি ছিলেন পূবালী ব্যাংকের এমডি ও সিইও মোহাম্মদ আলী। সংবাদ বিজ্ঞপ্তি

## বাংলাদেশের খবর

### পূবালী ব্যাংক পিএলসির উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচি



"গাছ লাগাই, জীবন ও পরিবেশ বাঁচাই" স্লোগানকে সামনে রেখে সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং এন্ড ইনস্যুরেন্স বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পূবালী ব্যাংক পিএলসি'র উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৪ এর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

## দেশ রুপান্তর



### পূবালী ব্যাংকের উদ্যোগে ঢাবিতে বৃক্ষরোপণ কর্মসূচি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পূবালী ব্যাংকের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৪-এর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাবির উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। আরও উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের এমডি ও সিইও মোহাম্মদ আলী, ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. হাসিনা শেখ, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম প্রমুখ।

## আমাদের সময়



'গাছ লাগাই, জীবন ও পরিবেশ বাঁচাই' স্লোগানকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পূবালী ব্যাংকের উদ্যোগে বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৪-এর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বিশেষ অতিথি ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোহাম্মদ আলী। বিজ্ঞপ্তি

# আলোকিত বাংলাদেশ

## ঢাবিতে 'স্বাধীনতা ২.০ আন্তঃহল ক্রিকেট টুর্নামেন্ট'


● ক্রীড়া ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সাধারণ শিক্ষার্থীদের উদ্যোগে 'স্বাধীনতা ২.০ আন্তঃহল ক্রিকেট টুর্নামেন্ট' শুরু হয়েছে। গতকাল রোববার কেন্দ্রীয় খেলার মাঠে প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়ার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।



উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান টুর্নামেন্টের সফলতা কামনা করে বলেন, এই আয়োজন সাম্প্রতিক ছাত্র-জনতার অভ্যুত্থানকে স্মরণ করিয়ে দেয়। ছাত্র-জনতার আত্মত্যাগকে স্মরণে রেখে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি সবার প্রতি আহ্বান জানান। নিয়মিত অনুশীলন এবং ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সহশিক্ষা কার্যক্রমকে আরো বেগবান করার উপর তিনি গুরুত্বারোপ করেন। উল্লেখ্য, এই টুর্নামেন্টে ১৩টি হল ও ২টি হোস্টেলের ছাত্ররা অংশগ্রহণ করছেন।

# আজকালের খবর



## ঢাবিতে 'স্বাধীনতা ২.০ আন্তঃহল ক্রিকেট টুর্নামেন্ট' শুরু

● নিজস্ব প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সাধারণ শিক্ষার্থীদের উদ্যোগে 'স্বাধীনতা ২.০ আন্তঃহল ক্রিকেট টুর্নামেন্ট' কেন্দ্রীয় খেলার মাঠে শুরু হয়েছে। গতকাল রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক এস এম জাকারিয়ার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদসহ আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান টুর্নামেন্টের সফলতা কামনা করে বলেন, এই আয়োজন সাম্প্রতিক ছাত্র-জনতার অভ্যুত্থানকে স্মরণ করিয়ে দেয়। ছাত্র-জনতার আত্মত্যাগকে স্মরণে রেখে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। নিয়মিত অনুশীলন এবং ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সহশিক্ষা কার্যক্রমকে আরও বেগবান করার উপর তিনি গুরুত্বারোপ করেন। উল্লেখ্য, এই টুর্নামেন্টে ১৩টি হল ও ২টি হোস্টেলের ছাত্ররা অংশগ্রহণ করছেন।

# ভোরের কাগজ

## ঢাবিতে পল্লীকবি আন্তঃক্লাব বিতর্কে বিজয় একাত্তর হল চ্যাম্পিয়ন



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত শনিবার হল মিলনায়তনে কবি জসীম উদ্‌দীন হল ডিবেটিং ক্লাব আয়োজিত পঞ্চদশ পল্লীকবি আন্তঃক্লাব বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় কবি জসীম উদ্‌দীন হল ডিবেটিং ক্লাবের উদ্যোগে ৩ দিনব্যাপী পঞ্চদশ পল্লীকবি আন্তঃক্লাব বিতর্ক প্রতিযোগিতায় বিজয় একাত্তর হল চ্যাম্পিয়ন এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল রানার্সআপ হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত শনিবার হল মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। বিজ্ঞপ্তি

জসীম উদ্‌দীন হল ডিবেটিং ক্লাবের সভাপতি তাজিনুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক মাহবুব মোর্শেদ, হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এম শাহীন খান, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, হল ডিবেটিং ক্লাবের মডারেটর মুহাম্মদ ইহসান-উল-কবির, ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সভাপতি অর্পিতা গোলদার এবং সাধারণ সম্পাদক আদনান মুস্তারী বক্তব্য রাখেন। হল ডিবেটিং ক্লাবের সাধারণ সম্পাদক মাসুম আবদুল্লাহ অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, বিতর্ক চর্চা ও সহশিক্ষামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে মানবিক মূল্যবোধের বিকাশ ঘটে ও সামাজিক দায়বদ্ধতা গড়ে ওঠে। সব চাপকে উপেক্ষা করে বিতার্কিকরা যুক্তির মাধ্যমে সমাজের নানা অসঙ্গতির বিরুদ্ধে প্রতিবাদ জানান। যার প্রতিফলন আমরা ২৪-এর গণআন্দোলনে লক্ষ্য করেছি। যে কোনো বিবেচনায় বিতর্ক চর্চা সমাজে সত্য প্রতিষ্ঠার জন্য গুরুত্বপূর্ণ।

উল্লেখ্য, অনুষ্ঠানে অতিথিরা 'নক্সী কাঁথার মাঠ' শীর্ষক একটি স্মরণিকা মোড়ক উন্মোচন করেন।

# The Country Today



### Inter-Club Debating Competition

## Vijoy, Ektar halls of DU became champion

**DU Correspondent**

In the 3-day Pallikbi Inter-Club Debate Competition organized by Dhaka University Poet Jasim Uddin Hall Debating Club, Vijoy Ekatar Hall became the champion and Bangabandhu Sheikh Mujibur Rahman Hall became the runner-up.

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmad Khan was present as **Continued to page 2**

## Vijoy, Ektar halls of DU

the chief guest and distributed the prizes among the winners in a function organized in the auditorium on Saturday evening, October 26, 2024.

Jasim Uddin Hall Debating Club Oresident Tajinur Rahman presided over the ceremony UGC member Prof. Dr. Mohammad Anwar Hossain, Managing Director and Editor-in-Chief of Bangladesh News Agency Mahbub Morshed, Hall Principal Prof. Dr. M Shaheen Khan, Proctor Associate Prof Saifuddin Ahmad, Hall Debating Club Moderator Muhammad Ihsan-ul-Kabir, Dhaka University Debating Society President Arpita Goldar and General Secretary Adnan Mustari spoke. Hall Debating Club General Secretary Masum Abdullah conducted the program.

Vice-Chancellor Prof Dr. Niaz Ahmad Khan congratulated the participants in the competition and said that by participating in debate practice and co-educational activities, human values are developed among the students and social responsibility is developed. Disregarding all pressures, the debaters protested against the various anomalies of the society through logic. We have seen the reflection of this in the mass movement of 24. In any case, the practice of debate is important for the establishment of truth in society. Therefore, debate practice should be continued with the aim of creating public awareness and social development.

# ভোরের ডাক

## ঢাবিতে পঞ্চদশ পল্লীকবি আন্তঃক্লাব বিতর্ক প্রতিযোগিতায় বিজয় একাত্তর হল চ্যাম্পিয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় কবি জসীম উদ্‌দীন হল ডিবেটিং ক্লাবের উদ্যোগে ৩-দিনব্যাপী পঞ্চদশ পল্লীকবি আন্তঃক্লাব বিতর্ক প্রতিযোগিতায় বিজয় একাত্তর হল চ্যাম্পিয়ন এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল রানার্স-আপ হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান গত ২৬ অক্টোবর শনিবার সন্ধ্যায় হল মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



জসীম উদ্‌দীন হল ডিবেটিং ক্লাবের সভাপতি তাজিনুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক মাহবুব মোর্শেদ, হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এম শাহীন খান, প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, হল ডিবেটিং ক্লাবের মডারেটর মুহাম্মদ ইহসান-উল-কবির, ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সভাপতি অর্পিতা গোলদার এবং সাধারণ সম্পাদক আদনান মুস্তারী বক্তব্য রাখেন। হল ডিবেটিং ক্লাবের সাধারণ সম্পাদক মাসুম আবদুল্লাহ অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের অভিনন্দন জানিয়ে বলেন, বিতর্ক চর্চা ও সহশিক্ষামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে মানবিক মূল্যবোধের বিকাশ ঘটে ও সামাজিক দায়বদ্ধতা গড়ে ওঠে। সকল চাপকে উপেক্ষা করে বিতার্কিকরা যুক্তির মাধ্যমে সমাজের নানা অসঙ্গতির বিরুদ্ধে প্রতিবাদ জানান। যার প্রতিফলন আমরা ২৪ এর গণআন্দোলনে লক্ষ্য করেছি। যেকোন বিবেচনায় বিতর্ক চর্চা সমাজে সত্য প্রতিষ্ঠার জন্য গুরুত্বপূর্ণ। তাই জনসচেতনতা সৃষ্টি ও সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিতর্ক চর্চা অব্যাহত রাখতে হবে। উল্লেখ্য, অনুষ্ঠানে অতিথিরা 'নক্সী কাঁথার মাঠ' শীর্ষক একটি স্মরণিকার মোড়ক উন্মোচন করেন।

-খবর বিজ্ঞপ্তি

# আলোকিত বাংলাদেশ

## আহত শিক্ষার্থীদের সুচিকিৎসার তত্ত্বাবধানে ঢাবিতে কমিটি গঠন

● আলোকিত ডেস্ক

ছাত্র-জনতার আন্দোলনে আহত ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সুচিকিৎসার বিষয়টি তত্ত্বাবধানের জন্য বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরীকে আহ্বায়ক করে ছয় সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে।

গতকাল রোববার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী এই কমিটি গঠন করা হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের ডিন বা ডিনের প্রতিনিধি কমিটির ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটির অন্য সদস্যরা হলেন- শহীদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিকেল সেন্টারের প্রধান মেডিকেল অফিসার, সহকারী প্রক্টর মিসেস শেহরিন আমিন ভূঁইয়া, দু'জন শিক্ষার্থী প্রতিনিধি- প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের ছাত্রী উমামা ফাতেমা এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্র আব্দুল কাদের।'

# ইত্তেফাক

## আন্দোলনে আহত শিক্ষার্থীদের চিকিৎসার তত্ত্বাবধানে ঢাবিতে কমিটি

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ছাত্র-জনতার আন্দোলনে আহত ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সুচিকিৎসার বিষয়টি তত্ত্বাবধানের জন্য বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরীকে আহ্বায়ক করে ছয় সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। রবিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের নির্দেশনা অনুযায়ী এই কমিটি গঠন করা হয়েছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের ডিন বা ডিনের প্রতিনিধি কমিটির ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটির অন্য সদস্যরা হলেন : শহিদ বুদ্ধিজীবী ডা. মোহাম্মদ মোর্তজা মেডিক্যাল সেন্টারের প্রধান মেডিক্যাল অফিসার, সহকারী প্রক্টর মিসেস শেহরীন আমিন ভুঁইয়া, দুই জন শিক্ষার্থী প্রতিনিধি—প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের ছাত্রী উমামা ফাতেমা এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্র আব্দুল কাদের।'

# আলোকিত বাংলাদেশ

## ঢাবির অফিসিয়াল ফেসবুক পেজ ফলো করার আহ্বান

● আলোকিত ডেস্ক

'The University of Dhaka' নামে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি অফিসিয়াল ফেসবুক পেজ পরিচালিত হচ্ছে। https://www.facebook.com/duadministration. এটিই ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একমাত্র অফিসিয়াল ফেসবুক পেজ। এই পেজে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সাপ্তাহিক কর্মকাণ্ডের হালনাগাদ তথ্য, প্রেস বিজ্ঞপ্তি, ছবিসহ অন্যান্য তথ্য পরিবেশন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই ফেসবুক পেজ ফলো করার জন্য শিক্ষক, শিক্ষার্থীসহ সবাইকে অনুরোধ জানানো হচ্ছে।